



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd www.ebmeb.gov.bd



স্মারক নং-বামাশিবো/পরী/দাখিল-২০২০/৩২৯


তারিখ: ২২ মাঘ, ১৪২৬
০৫ ফেব্রুয়ারি, ২০২০

বিষয় : ২০২০ সালের দাখিল পরীক্ষা পরিচালনা সংক্রান্ত জরুরি নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, চলমান ২০২০ সনের দাখিল পরীক্ষা পরিচালনায় নিম্নোক্ত নির্দেশনা সমূহ যথাযথ বাস্তবায়ন/প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

- প্রতি পরীক্ষার দিন কেন্দ্রসচিব, ট্যাগ অফিসার ও পুলিশ কর্মকর্তার উপস্থিতিতে পরীক্ষার বিষয় ও বিষয় কোড নিশ্চিত হয়ে ট্রেজারি থেকে প্রশ্নপত্রের প্যাকেট গ্রহণ করবেন এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/উপজেলা নির্বাহী অফিসারের অফিসিয়াল মোবাইল নাম্বার থেকে প্রাপ্ত SMS অনুযায়ী সেট নির্দেশিকা অনুসরণ করে প্রশ্নপত্রের প্যাকেট খুলবেন ও পরীক্ষা গ্রহণ করবেন।
- নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের আসন বিন্যাস পৃথকভাবে ব্যবস্থা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- কোন কারণে পরীক্ষা আরম্ভ হতে বিলম্ব হলে অবশিষ্ট সময়ের সাথে বিলম্ব সময় যোগ করে পূর্ণ সময় পরীক্ষার্থীদের প্রদান করতে হবে। বিষয়টি তাৎক্ষণিকভাবে পরীক্ষা নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে।
- বহুনির্বাচনী (MCQ) এবং রচনামূলক খাতার (OMR) এর উপর কোন রকম লেখা/দাগ দেয়া যাবে না।
- কোন পরীক্ষার্থী পরীক্ষা চলাকালীন সময়ে ২ ঘন্টার মধ্যে পরীক্ষা শেষ করে কক্ষ ত্যাগ করতে পারবে না। যদি বিশেষ কারণে পরীক্ষা শেষ করে কক্ষ ত্যাগ করতে চায় তাহলে প্রশ্ন নিয়ে যেতে পারবে না। পরীক্ষা শেষে প্রশ্নপত্রটি তাকে দেয়া যেতে পারে।
- কোন প্রকার মোবাইল ফোন নিয়ে কক্ষ পরিদর্শক কিংবা পরীক্ষা সংশ্লিষ্ট অন্য কেহ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। কেন্দ্রসচিব ০১টি সাধারণ মোবাইল ব্যবহার করতে পারবে যা দিয়ে ছবি তোলা যায় না।

কেন্দ্রসচিব
দাখিল পরীক্ষা-২০২০ এর সকল কেন্দ্র।



মোঃ কামাল উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮
ই-মেইল: controller@bmeb.gov.bd



সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক (সকল)।
- উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- অফিস কপি।